১১৫২৭


# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576


নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১১১২২৬১/মুন্সীগঞ্জ-২৭/ ৩৪৯৬/৮ তারিখ: ১৭ ফেব্রুয়ারি ২০২০খ্রি.

**বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলাধীন কামারগাঁও আল-আমিন ইসলামিয়া আলিম মাদ্রাসার নবগঠিত গভার্ণিং বডির সভাপতির বিরুদ্ধে জনাব কামরুজ্জামান এবং জনাব মো: আব্দুস ছাত্তার অত্র বোর্ডে পৃথক অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগসমূহের সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি বর্ণনা মোতাবেক (০৫ (পাঁচ)) পাতা।

১৭.০২.২০২০

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

উপজেলা নির্বাহী অফিসার
শ্রীনগর, মুন্সীগঞ্জ ।

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১১১২২৬১/মুন্সীগঞ্জ-২৭/ তারিখ: ফেব্রুয়ারি ২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ;
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ;
৩. সভাপতি, কামারগাঁও আল-আমিন ইসলামিয়া আলিম মাদ্রাসা, ডাকঘর: কাঠিয়াপাড়া, শ্রীনগর, মুন্সীগঞ্জ;
৪. অধ্যক্ষ, কামারগাঁও আল-আমিন ইসলামিয়া আলিম মাদ্রাসা, ডাকঘর: কাঠিয়াপাড়া, শ্রীনগর, মুন্সীগঞ্জ;
৫. জনাব কামরুজ্জামান (অভিযোগকারী),ডাকঘর: কাঠিয়াপাড়া, শ্রীনগর, মুন্সীগঞ্জ;
৬. মো: আব্দুস সাত্তার (অভিযোগকারী), প্রতিষ্ঠাতা ও সাবেক অধ্যক্ষ, কামারগাঁও আল-আমিন ইসলামিয়া আলিম মাদ্রাসা, শ্রীনগর, মুন্সীগঞ্জ
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৪৮৭৪

111226

২০১৯

বরাবর

চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড,

বকশী বাজার, ঢাকা।

**বিষয় : কামারগাঁও আল-আমিন ইসলামিয়া আলিম মাদ্‌রাসার প্রস্তাবিত গভর্নিং বডি ২০১৯ইং এর সভাপতি হিসাবে রফিকুল ইসলাম কে মনোনয়ন না দেওয়ার জন্য আবেদন**

জনাব,

উপর্যুক্ত বিষয়ের আলোকে বিনিত প্রার্থনা এই যে, মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলাধীন কামারগাঁও আল- আমিন ইসলামিয়া আলিম মাদ্‌রাসার গভর্নিং বডির গত ২০/১১/২০১৯ইং তারিখে প্রস্তাব আকারে সিলেকশন হয়। উক্ত কমিটি গঠনের পূর্বে গত ০৭/১০/২০১৯ইং তারিখে বর্তমান গভর্নিং বডির এক গুরুত্বপূর্ণ সাধারণ সভায় স্থানীয় ভাগ্যকুল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও এলাকার গন্যমান্য বর্গের উপস্থিতিতে উক্ত মাদ্‌রাসার জায়গা দাতা ও প্রতিষ্ঠাতা এবং সাবেক অধ্যক্ষ জনাব এস.এম.এ ছাত্তার সাহেবকে উক্ত নতুন মেয়াদে গভর্নিং বডির সভাপতি মনোনয়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। রেজুলেশন নং-৩২/১৯ (কপি সংযুক্ত)। কিন্তু চরম হঠকারীতা ও প্রবঞ্চনার মাধ্যমে রফিকুল ইসলামকে তথ্য গোপন করে স্থানীয় এমপি মহোদয়ের সুপারিশ নিয়ে সভাপতি মনোনয়নের জন্য বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ডে কাগজপত্র দাখিল করা হয়। যার বিরুদ্ধে নারী ধর্ষন, চাঁদাবাজী সহ একাধিক মামলা রয়েছে। (কপি সংযুক্ত)। তাছাড়া জনাব এস.এম.এ ছাত্তার সাহেব যিনি অল্প কিছুদিন আগেও তার নিজের বসত বাড়ী থেকে প্রতিষ্ঠানের ৪ তলা ভবন উত্তোলণের সুবিধার্থে আরো অতিরিক্ত ২ শতাংশ জমি দান করে দিয়েছেন। তার সাথে কোন ধরনের যোগাযোগ কিংবা আপস মিমাংসা না করে সম্পূর্ণ গোপনীয় ভাবে রফিকুল ইসলাম কে সভাপতি মনোনয়নের জন্য কাগজপত্র দাখিল করেছেন।

অতএব, বিনীত প্রার্থনা এই যে, উক্ত বিষয়ের কথা বিবেচনা করে রফিকুল ইসলাম কে সভাপতি মনোনয়ন না দেয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে আপনার সদয় মর্জি কামনা করছি।

নিবেদক

[signature] ০৫/১২/১৯ইং

১. এস.এম.এ ছাত্তার (প্রতিষ্ঠাতা ও সাবেক অধ্যক্ষ, অত্র মাদ্‌রাসা)

তারিখঃ ২২.১২.২০২২

বরাবর,
চেয়ারম্যান
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড
বখশিবাজার, ঢাকা

বিষয়ঃ মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলাধীন কামারগাঁও আল-আমিন ইসলামিয়া আলিম মাদরাসার নবগঠিত গভর্নিংবডি' ২০১৯ ইং এর সভাপতি হিসেবে একাধিক মামলার আসামি রফিকুল ইসলাম কে মনোনয়ন না দেয়ার জন্য আবেদন।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের আলোকে বিনীত নিবেদন এই যে, মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলাধীন কামারগাঁও আল-আমিন ইসলামিয়া আলিম মাদরাসার গভর্নিংবডি' ২০১৯ ইং গত ২০/১১/২০১৯ ইং তারিখে গঠিত হয়। যেহেতু অত্র প্রতিষ্ঠানটি মাওলানা শাইখ মোঃ আব্দুস ছাত্তার সাহেব তার বসতবাড়ির নিজ জায়গা ওয়াকফ করে দিয়ে প্রতিষ্ঠা করেছেন এবং অধ্যক্ষ হিসেবে অত্র প্রতিষ্ঠানে দীর্ঘদিন পর্যন্ত খেদমতে নিয়োজিত থেকে বর্তমানে অবসর গ্রহন করেছেন। এবং বর্তমানে সরকারি অর্থায়নে একটি চারতলা ভবন নির্মানের স্বার্থে সম্প্রতি সময়ে তার নিজ বাড়ির আরও দুই শতাংশ জায়গা ওয়াকফ করেছেন। যদিও এতে তার বাড়ি থেকে বের হতে ও যাতায়াতে সমস্যা হবে। মাদরাসার জন্য তার এই অবদান ও ত্যাগ স্বীকারের কারনেই এতদঞ্চলের মধ্যে অত্র প্রতিষ্ঠানটি ব্যাপক উন্নতি লাভ করেছে বিধায় গত ০৭/১০/২০১৯ ইং তারিখে বর্তমান গভর্নিং বডি ও এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে এক জরুরি সাধারন সভায় এলাকাবাসির দাবির প্রেক্ষিতে তাকে অত্র প্রতিষ্ঠানের গভর্নিংবডির সভাপতি মনোনিত করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। রেজুলেশন নং ৩২/১৯ (কপি সংযুক্ত)।

কিন্তু আশ্চর্যজনক বিষয় হচ্ছে চরম প্রতারণার মাধ্যমে সম্পূর্ণ গোপনিয়তা বজায় রেখে আমাদের কারও সাথে কোন যোগাযোগ কিংবা আপোষ মিমাংসা না করে স্থানীয় সংসদ সদস্য মহোদয়ের নিকট প্রকৃত তথ্য গোপন করে রফিকুল ইসলামের নামে সুপারিশ নিয়ে বোর্ডে কাগজপত্র জমা দেয়া হয়। যদি কোন আপোষ মিমাংসা পত্র দেয়া হয়ে থাকে তাহলে সেটা মিথ্যা ও বানোয়াট বলে গন্য হবে।

উল্লেখ্য যে, উক্ত রফিকুল ইসলাম মূলত এইস, এস, সি কিংবা এস, এস, সি পাশ করেনি। সঠিক তদন্ত করলে এটা অবশ্যই প্রমানিত হবে। এছাড়াও সে অত্র মাদরাসার লিল্লাহ বোর্ডিংয়ের তহবিল থেকে তার পিতা শেখ মোঃ আবুল হোসেন সভাপতি থাকাকালীন ২০১৬ ইং সনে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ঋন নিয়েছে। পরবর্তীতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ফেরত দিলেও বাকি এক লক্ষ টাকা অদ্যাবধি ফেরত দেয়নাই। (কপি সংযুক্ত)। এমন একজন ব্যাক্তিকে একটি ঐতিহ্যবাহী প্রতিষ্ঠানের সভাপতি করা হলে মাদরাসার ব্যাপক ক্ষতি হবে ও উল্লেখযোগ্য হারে ছাত্র-ছাত্রী কমে যাবে বলে আশংকা করা হচ্ছে।

অতএব, জনাবের নিকট আকুল আবেদন এই যে, উক্ত বিতর্কিত ও অযোগ্য ব্যক্তি রফিকুল ইসলামকে কোন ভাবেই সভাপতি হিসাবে মনোনয়ন না দেওয়ার জন্য আপনার সদয় মর্জি কামনা করছি।

নিবেদক
কামরুজ্জামান
কামরুজ্জামান ২২.১২.২০২২
মোবাঃ ০১৭১৭৭১৩৬৮৯

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয় আবেদন - ২৫.১১.২০১৯

শ্রীনগর, মুন্সীগঞ্জ। প্রস্তাবিত নতুন কমিটি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ, মহোদয়ের কার্যালয়ের স্মারক নং- ০৫.৩০.৫৯০০.২১১.০৩.০০২.১৯-৪৯৮, তারিখঃ ২১/১০/২০১৯ খ্রি. মোতাবেক নিম্ন স্বাক্ষরকারী কামারগাঁও আলআমিন ইসলামিয়া আলিম মাদ্‌রাসা গর্ভণিং বডি নির্বাচন/২০১৯ এর প্রিজাইডিং অফিসার হিসাবে নিযুক্ত হয়ে ঘোষিত নির্বাচনী তফসিল অনুযায়ী গত ০৬/১১/২০১৯ তারিখ প্রিজাইডিং অফিসারের কার্যালয়ে দাখিলকৃত মনোনয়নপত্র সমূহ বাছাই করা হয়। বাছাইকালীন দেখা যায় যে, সাধারণ শিক্ষক সদস্য পদে ৩টি, সাধারণ অভিভাবক সদস্য পদে ৪টি, দাতা সদস্য পদে ১টি এবং প্রতিষ্ঠাতা সদস্য পদে ১টি মনোনয়নপত্র জমা পড়ে। বাছাইয়ে দাখিলকৃত সকল ক্যাটাগরির মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়। মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ সময়সীমা ছিল ০৭/১১/২০১৯ তারিখ। নির্ধারিত সময়সীমার মধ্যে কোন প্রার্থী মনোনয়নপত্র প্রত্যাহার না করায় প্রার্থীর সংখ্যা পদের সংখ্যার সমান হওয়ায় উল্লিখিত ক্যাটাগরির প্রার্থীগণকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করা হল। ক্যাটাগরি ভিত্তিক নির্বাচিত প্রার্থীদের তালিকা নিম্নে ঘোষণা করা হলো।

উল্লেখ্য যে, সংরক্ষিত মহিলা শিক্ষক ও সংরক্ষিত মহিলা সাধারণ অভিভাবক পদে মনোনয়নপত্র পাওয়া যায়নি বিধায় উক্ত পদ দুই টি শূণ্য ঘোষণা করা হলো।

(ক) সাধারণ শিক্ষক প্রতিনিধি-

| ক্রমিক নং | নাম, পিতার নাম | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | মোঃ আঃ রহমান<br>পিতা- মোঃ নুর উদ্দীন সিকদার | কামারগাঁও আলআমিন ইসলামিয়া আলিম মাদ্‌রাসা<br>শ্রীনগর, মুন্সীগঞ্জ | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত<br>(ইবতেদায়ী শাখা) |
| ২ | মোল্লা ইয়ার আলী<br>পিতা- মোঃ মোসলেম উদ্দীন মোল্লা | কামারগাঁও আলআমিন ইসলামিয়া আলিম মাদ্‌রাসা<br>শ্রীনগর, মুন্সীগঞ্জ | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত<br>(দাখিল শাখা) |
| ৩ | মোঃ আরিফ বিল্লাহ<br>পিতা- এস.এম.এ সাত্তার | গ্রাম- উত্তর কামারগাঁও, পোস্ট- কাঠিয়াপাড়া<br>শ্রীনগর, মুন্সীগঞ্জ | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত<br>(আলিম শাখা) |

(খ) সাধারণ অভিভাবক প্রতিনিধি-

| ক্রমিক নং | নাম, পিতার নাম | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | মোঃ আফজাল<br>পিতা - মৃত নওশের আলী খাঁন | গ্রাম- উত্তর কামারগাঁও, পোস্ট- কাঠিয়াপাড়া<br>শ্রীনগর, মুন্সীগঞ্জ | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত<br>(ইবতেদায়ী শাখা) |
| ২ | নজির মোড়ল<br>পিতা - রহমান মোড়ল | গ্রাম- উত্তর কামারগাঁও, পোস্ট- কাঠিয়াপাড়া<br>শ্রীনগর, মুন্সীগঞ্জ | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত<br>(দাখিল শাখা) |
| ৩ | নুরে আলম<br>পিতাঃ আব্দুল জলিল শেখ | গ্রাম- উত্তর কামারগাঁও, পোস্ট- কাঠিয়াপাড়া<br>শ্রীনগর, মুন্সীগঞ্জ | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত<br>(দাখিল শাখা) |
| ৪ | মোঃ মাহাবুবুর রহমান<br>পিতা- মোঃ রমিজ উদ্দিন আহম্মেদ | গ্রাম- যশলদিয়া, পোস্ট- শ্রীনগর<br>শ্রীনগর, মুন্সীগঞ্জ | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত<br>(আলিম শাখা) |

(গ) দাতা প্রতিনিধি-

| ক্রমিক নং | নাম, পিতার নাম | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | মোঃ আঃ খালেক<br>পিতা- মৃত: তৈয়ব আলী ব্যাপারী | গ্রাম- উত্তর কামারগাঁও, পোস্ট- কাঠিয়াপাড়া<br>শ্রীনগর, মুন্সীগঞ্জ | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত |

(ঘ) প্রতিষ্ঠাতা প্রতিনিধি-

| ক্রমিক নং | নাম, পিতার নাম | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | মোঃ হযরত আলী সারেং<br>পিতা- মরহুম গুঞ্জর আলী সারেং | গ্রাম- উত্তর কামারগাঁও, পোস্ট- কাঠিয়াপাড়া<br>শ্রীনগর, মুন্সীগঞ্জ | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত |

সুরাইয়া আশরাফী ১১/১১/১৯

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও

প্রিজাইডিং অফিসার

কামারগাঁও আলআমিন ইসলামিয়া আলিম মাদ্‌রাসা গর্ভণিং বডি নির্বাচন/২০১৯

শ্রীনগর, মুন্সীগঞ্জ।

স্মারক নং- ৩৭.০২.৫৯৮৪.০০০.৫৪.০০১.১৯.৩৪০ তারিখ-১১/১১/২০১৯খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।

২। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

৩। জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ

তারিখঃ ২২.১২.২০২২

বরাবর,

চেয়ারম্যান

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

বখশিবাজার, ঢাকা

বিষয়ঃ মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলাধীন কামারগাঁও আল-আমিন ইসলামিয়া আলিম মাদরাসার নবগঠিত গভর্নিংবডি' ২০১৯ ইং এর সভাপতি হিসেবে একাধিক মামলার আসামি রফিকুল ইসলাম কে মনোনয়ন না দেয়ার জন্য আবেদন।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের আলোকে বিনীত নিবেদন এই যে, মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলাধীন কামারগাঁও আল-আমিন ইসলামিয়া আলিম মাদরাসার গভর্নিংবডি' ২০১৯ ইং গত ২০/১১/২০১৯ ইং তারিখে গঠিত হয়। যেহেতু অত্র প্রতিষ্ঠানটি মাওলানা শাইখ মোঃ আব্দুস ছাত্তার সাহেব তার বসতবাড়ির নিজ জায়গা ওয়াকফ করে দিয়ে প্রতিষ্ঠা করেছেন এবং অধ্যক্ষ হিসেবে অত্র প্রতিষ্ঠানে দীর্ঘদিন পর্যন্ত খেদমতে নিয়োজিত থেকে বর্তমানে অবসর গ্রহন করেছেন। এবং বর্তমানে সরকারি অর্থায়নে একটি চারতলা ভবন নির্মানের স্বার্থে সম্প্রতি সময়ে তার নিজ বাড়ির আরও দুই শতাংশ জায়গা ওয়াকফ করেছেন। যদিও এতে তার বাড়ি থেকে বের হতে ও যাতায়াতে সমস্যা হবে। মাদরাসার জন্য তার এই অবদান ও ত্যাগ স্বীকারের কারনেই এতদঞ্চলের মধ্যে অত্র প্রতিষ্ঠানটি ব্যাপক উন্নতি লাভ করেছে বিধায় গত ০৭/১০/২০১৯ ইং তারিখে বর্তমান গভর্নিং বডি ও এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে এক জরুরি সাধারন সভায় এলাকাবাসির দাবির প্রেক্ষিতে তাকে অত্র প্রতিষ্ঠানের গভর্নিংবডির সভাপতি মনোনিত করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। রেজুলেশন নং ৩২/১৯ (কপি সংযুক্ত)।

কিন্তু আশ্চর্যজনক বিষয় হচ্ছে চরম প্রতারণার মাধ্যমে সম্পূর্ণ গোপনিয়তা বজায় রেখে আমাদের কারও সাথে কোন যোগাযোগ কিংবা আপোষ মিমাংসা না করে স্থানীয় সংসদ সদস্য মহোদয়ের নিকট প্রকৃত তথ্য গোপন করে রফিকুল ইসলামের নামে সুপারিশ নিয়ে বোর্ডে কাগজপত্র জমা দেয়া হয়। যদি কোন আপোষ মিমাংসা পত্র দেয়া হয়ে থাকে তাহলে সেটা মিথ্যা ও বানোয়াট বলে গন্য হবে।

উল্লেখ্য যে, উক্ত রফিকুল ইসলাম মূলত এইস, এস, সি কিংবা এস, এস, সি পাশ করেনি। সঠিক তদন্ত করলে এটা অবশ্যই প্রমানিত হবে। এছাড়াও সে অত্র মাদরাসার লিল্লাহ বোর্ডিংয়ের তহবিল থেকে তার পিতা শেখ মোঃ আবুল হোসেন সভাপতি থাকাকালীন ২০১৬ ইং সনে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ঋন নিয়েছে। পরবর্তীতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ফেরত দিলেও বাকি এক লক্ষ টাকা অদ্যবধি ফেরত দেয়নাই। (কপি সংযুক্ত)। এমন একজন ব্যাক্তিকে একটি ঐতিহ্যবাহী প্রতিষ্ঠানের সভাপতি করা হলে মাদরাসার ব্যাপক ক্ষতি হবে ও উল্লেখযোগ্য হারে ছাত্র-ছাত্রী কমে যাবে বলে আশংকা করা হচ্ছে।

অতএব, জনাবের নিকট আকুল আবেদন এই যে, উক্ত বিতর্কিত ও অযোগ্য ব্যক্তি রফিকুল ইসলামকে কোন ভাবেই সভাপতি হিসাবে মনোনয়ন না দেওয়ার জন্য আপনার সদয় মর্জি কামনা করছি।

নিবেদক

কামরুজ্জামান

কামরুজ্জামান ২২.১২.২০২২

মোবাঃ ০১৭১৭৭১৩৬৮৯